60

দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 20 JUN 1989 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম 3 ...

৩৮

# ভার্সিটির স্বায়ত্তশাসনে সরকার হস্তক্ষেপ করেনিঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন যে, ১৯৭৩ সালের অধ্যাদেশের আওতায় বিশ্ববিদ্যালয়সমূহ যে স্বায়ত্তশাসন ভোগ করছে সরকার কোনক্রমেই তাতে হস্তক্ষেপ করেনি।

মন্ত্রী রোববার পিআইবি মিলনায়তনে "গণযোগাযোগ ও সাংবাদিকতায় প্রাতিষ্ঠানিক শিক্ষার প্রয়োজনীয়তাঃ বাংলাদেশ প্রেক্ষিত" শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা দানকালে বলেন, ' অধ্যাদেশ অনুযায়ী বিশ্ববিদ্যালয়সমূহ যথেষ্ট ক্ষমতা ভোগ করছে এবং এতে হস্তক্ষেপের কোন পরিকল্পনা আমার মন্ত্রণালয়ের নেই।'

শেখ শহীদ বলেন যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যদি গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগকে একটি ইন্সটিটিউসনে রূপান্তর করে তাতে শিক্ষা মন্ত্রণালয় কোন প্রশ্ন উত্থাপন করবে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও বাংলাদেশ প্রেস ইন্সটিটিউট যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। সেমিনারে ডঃ গোলাম রহমান সভাপতিত্ব করেন।

এ উপলক্ষে তথ্য প্রতিমন্ত্রী সৈয়দ দিদার বখত, পিআইবি'র মহাপরিচালক আমানুল্লাহ্ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান তৌহিদুল আনোয়ার বক্তৃতা কারেন।

শিক্ষামন্ত্রী দেশে পেশাগত সাংবাদিকতার মানোন্নয়নে প্রতিষ্ঠানিক শিক্ষার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বরোপ করেন।

তিনি বলেন, এক শ্রেণীর সংবাদপত্র তাঁদের নিজ নিজ ব্যবস্থাপনা বিষয়ক নীতিমালার জন্য জনগণকে বিভ্রান্ত করার কাজে ব্যাপৃত রয়েছে। তিনি দুঃখ করে বলেন, "এ জন্য বিগত কয়েক দশক ধরে এ পেশায় আমরা অভীষ্ট লক্ষ্যে পৌছতে পারিনি।"

শেখ শহীদ বস্তুনিষ্ঠ সাংবাদিকতার ওপর গুরুত্বরোপ করেন এবং এ পেশায় বিশেষজ্ঞ সৃষ্টির আহবান জানান।